# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-৯১২৪৮৪৬
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd


সূত্র নং-৩৯.০৭.০০০০.০০১.০৬.১২০.১৫-

তারিখ: ০৩ পৌষ ১৪২৫
১৭ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ২৭ তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২৬ তম সভা ০৩/১২/২০১৮ তারিখ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় চেয়ারম্যান প্রফেসর ডঃ নঈম চৌধুরী এর সভাপতিত্বে কর্তৃপক্ষের সভাকক্ষ (কক্ষ নং-২০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কর্তৃপক্ষের সদস্য ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

উক্ত সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"

সভার শুরুতে ২৬তম সভার কার্যবিবরণী উপস্থাপন পূর্বক অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় কর্তৃপক্ষের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি, বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির বাস্তবায়নের লক্ষ্যে এপিএ কমিটি পুন:গঠন, বাজেট, কর্তৃপক্ষের বিদ্যমান যন্ত্রপাতি/ইকুপমেনট টিওএন্ড ই তে অন্তর্ভূক্ত করণ, কর্তৃপক্ষের আইন সংশোধন ও বিধিমালা প্রণয়ন, ই-ফাইলিং সিস্টেসম বাস্তবায়ন, ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম জোরদারকরণ, স্কিল ম্যানপাওয়ার তৈরী করণের বিষয়ে ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট ইত্যাদি তৈরী করণ, কর্তৃপক্ষে প্রবেশের মেইন ফটকের দক্ষিণ পাশে নাম ফলক স্থাপন, প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগের জন্য ০২ (দুই) টি কম্পিউটার ক্রয়, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ০৩ (তিন) জন বিজ্ঞানী, কর্তৃপক্ষে কর্মরত কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের শ্রান্তিবিনোদন ভাতা ও ছুটির আবেদন, পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা বিভাগ, বাপশনিক এর জন্য অতীব জরুরী ভিত্তিতে ০৪ (চার)টি ডেস্কটপ কম্পিউটার, ০১ (এক) টি প্রিন্টার ও ০১ (এক) টি স্ক্যানার ক্রয়, কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত অফিসে উপস্থিত, ডিজিটাল হাজিরা সিস্টেম স্থাপন, কর্তৃপক্ষের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের অফিসে যাতায়তের লক্ষ্যে ২০১৯ সালের জন্য নোয়া মাইক্রোবাস ভাড়াকরণ, প্রকল্পে জনবল নিয়োগের জন্য নিয়োগ পদ্ধতি নির্ধারণ, কর্তৃপক্ষে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিতদের মজুরী বৃদ্ধি করণ, সভা, সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্তসমূহ :**

১। কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির ২০১৮-১৯ এ উল্লেখিত সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে ১০০% অর্জন করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে এখন থেকেই জোরালোভাবে কার্যক্রম শুরু করতে হবে এবং এর ধারাবাহিকতা ভবিষ্যতে অব্যহত রাখতে হবে। মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য এপিএ বাস্তবায়ন সংক্রান্ত সভায় এখন থেকে সোমা শীল, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাপশনিক অংশ গ্রহণ করবেন। বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির বাস্তবায়নের লক্ষ্যে পুন:গঠিত কমিটি থেকে মো: আমজাদ হোসেন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাপশনিক, ঢাকা কে অব্যহতি দিতে হবে।

**বাস্তবায়নে:**

সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২। সকল নথি, চিঠিপত্র ই-ফাইলিং এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রেরণ করতে হবে। ই-ফাইলিং ব্যতিত কোন হার্ড ফাইল প্রেরণ করা যাবে না। প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ, পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা বিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ এবং হিসাব ও অর্থ বিভাগ থেকে ই-ফাইলিং সিস্টেমস এর মাধ্যমে চিঠিপত্র ও নথিপত্র চেয়রম্যান মহোদয়ের নিকট প্রেরণ করতে সচেষ্ট হতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। পরিচালক (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাপশনিক।

৩। কর্তৃপক্ষের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তিতে উল্লেখিত অন লাইন সেবা ভিত্তিক ০২ (দুই) টি ক্ষুদ্র প্রকল্প আগামী ৮ এপ্রিল ২০১৯ এর মধ্যে চালু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:**

ড. দেবাশিস দত্ত, প্রধান প্রকৌশলী ও ইনোভেশন অফিসার, বাপশনিক, ঢাকা।

৪। কর্তৃপক্ষ ভবনের মূল প্রবেশ দ্বারে নির্মাণাধীন নামফলকটির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। উর্ধ্বতন প্রকৌশলী, ইএমইউ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

৫। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন-২০১২ যথাযথ ও সুষ্ঠু ভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি খসড়া বিধিমালা অতিব জরুরী ভিত্তিতে প্রণয়ন করে কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবরে পেশ করতে হবে। উক্ত কমিটিতে ড. আব্দুর বর শেখ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ড. মো: মাঈদুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। ড. মেহেরুন নাহার, আহ্বায়ক, খসড়া বিধিমালা প্রণয়ন সংশ্লিষ্ট কমিটি ও পরিচালক, বিনি বিভাগ, বাপশনিক, ঢাকা।

৬। কর্তৃপক্ষের বিদ্যমান ও প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের জন্য প্রস্তাবিত মালামাল সমূহ টিওএন্ডই তে অন্তর্ভূক্তকরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।:

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা, বাপশনিক, ঢাকা।

৭। অফিস এ্যাসিসস্ট্যান্ট কাম-কম্পিউটার অপারেটর পদে সাধারণ কোটায় ০১ (এক) জন ও সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায় ০২ (দুই) জনসহ সর্বমোট ০৩ (তিন) জন জনবল নিয়োগের কাজ আগামী জানুয়ারী ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নে:**

১। আহ্বায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি-৪ (নিয়োগ কমিটি), বাপশনিক, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

৮। কর্তৃপক্ষের সকল প্রতিবেদনের কপি ই-মেইলের মাধ্যমে মন্ত্রণালয়, সদস্য, পরিচালক ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান প্রকৌশলীগণকে প্রদান করতে হবে। কর্তৃপক্ষের ওয়েব-সাইটে প্রকাশের জন্য সকল প্রতিবেদনের কপি আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: আমজাদ হোসেন, এসএসও কে প্রদান করতে হবে।

**বাস্তবায়নে:**

উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা, বাপশনিক, ঢাকা।

৯। আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োজিত গাড়ি চালকদের মেয়াদ আরো ০২ (দুই) বছর (০১/০১/২০১৯ থেকে ৩১/১২/২০২১) বৃদ্ধি করতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মো: শফিকুল ইসলাম, মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা, বাপশনিক, ঢাকা।

১০। বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ০৩ (তিন) জন বিজ্ঞানী যথাক্রমে ১। আরফিন আক্তার আ্যামি ২। কাজী আসা আহমেদ শামীমা ও ৩। মো: আল আমিন খেয়াল খুশিমতো এবং কখনো সপ্তাহে মাত্র একদিন করে অফিসে আসে। এতে করে অফিসের কাজে ক্ষতি হয় বিধায় উক্ত ০৩ (তিন) জন দৈনিক মজুরী ভিত্তিক বিজ্ঞানীদের বাদ দিতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১১। শুদ্ধাচার বিষয়ে আলোচনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে একটি সভা করতে হবে।

**বাস্তবায়নে:**

১। জনাব রাশিদ আহম্মদ আমিরী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, ও পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ. বাপশনিক, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১২। কর্তৃপক্ষে কর্মরত কমিশনের যে সকল কর্মকর্তা ও কর্মচারী শ্রান্তিবিনোদন ভাতা ও ছুটির জন্য আবেদন করেছেন তাদের আবেদন কমিশনে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে:**

সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৩। স্কিলড ম্যানপাওয়ার তৈরী করণের বিষয়ে মালয়েশিয়ায় অনুষ্ঠিতব্য বিভিন্ন ট্রেনিং এর সিলেবাস অনুসরণ পূর্বক ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট তৈরী করণ সংক্রান্ত করণীয় দ্রুত সম্পন্ন করতে হবে। কমিটিতে সোমা শীল, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করতে হবে।

**বাস্তবায়নে:**

১। প্রফেসর ডা. সাহানা আফরোজ, সদস্য, বাপশনিক ও আহ্বায়ক, ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট তৈরীকরণ সংক্রান্ত কমিটি, বাপশনিক, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৩। বেগম রাজিয়া পারভীন, পরিচালক, প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ ও সচস্য-সচিব, ট্রেনিং মডিউল, প্রসপেকটাস, লেকচার সীট তৈরীকরণ সংক্রান্ত কমিটি, বাপশনিক, ঢাকা।

১৪। পারমাণবিক রিপত্তা ও সুরক্ষা বিভাগ, বাপশনিক এর Self Assessment কার্যক্রম সম্পাদনের জন্য পিপিআর-২০০৮ এর বিধ-৭৬(ট) অনুযায়ী অতীব জরুরী ভিত্তিতে ০৪ (চার)টি ডেস্কটপ কম্পিউটার, ০১ (এক) টি প্রিন্টার ও ০১ (এক) টি স্ক্যানার ক্রয় করতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৫। কর্তৃপক্ষে কর্মরত প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের অফিসে যাতায়াতের লক্ষ্যে ২০১৯ সালের জন্য ২০১০ এর উপরের মডেলের নোয়া মাইক্রোবাস ভাড়াকরণের কাজ জরুরী ভিত্তিতে শেষ করতে হবে।

**বাস্তবায়নে:**

১। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৬। PT-CT, Blood Irradiator, Gamma Knife & Medical Cyclotron/রেডিও আইসোটপ উৎপাদন সংক্রান্ত স্থাপনার নতুন লাইসেন্স ও লাইসেন্স নবায়ন ফি সম্পর্কিত আদেশটি পত্রিকায় প্রকাশের পূর্বে পরিচালক, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগকে দেখিয়ে নিতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৭। কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিসে উপস্থিতি মনিটরিং করার জন্য জরুরী ভিত্তিতে ডিজিটাল হাজিরা সিস্টেম স্থাপন করতে হবে।

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মো: মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী, বাপশনিক।

১৮। "জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পটি পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। ডিপিপি অনুযায়ী হিসাবরক্ষক (গ্রেড-১৪), অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬), হিসাব সহকারী (গ্রেড-১৬) ও কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) পদসমূহে সরাসরি নিয়োগের সুপারিশ রয়েছে। উন্নয়ন প্রকল্পের জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তমন্ত্রণালয় কমিটির সভার কার্যবিবরণী অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার বিদ্যমান চাকুরীবিধি অনুসরণে উপযুক্ত ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নূন্যতম যোগ্যতা নির্ধারণপূর্বক নিয়োগের ব্যবস্থা করতে হবে। বর্ণিত পদসমূহের মধ্যে শুধু মাত্র অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) পদের নিয়োগের ক্ষেত্রে বাপশনিক-এর চাকুরীবিধিতে উল্লেখ আছে। অবশিষ্ট হিসাবরক্ষক (গ্রেড-১৪), হিসাব সহকারী (গ্রেড-১৬) ও কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) পদসমূহের জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা অনুসরণ করতে হবে।

| ক্র: নং: | পদের নাম ও বেতনক্রম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | অ্যাকাউন্ট্যান্ট (গ্রেড-১৪) সর্বসাকূল্যে- ১৮,৬০০/- | অনুর্ধ্ব ৩০ বৎসর। পারামণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ সংস্থার সাথে কাজের সংশিশ্চষ্ট প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সিথিলযোগ্য। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে নূন্যতম ২য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ (Grade Point Average) /সিজিপিএসহ (Cumulative Grade Point Averrage) স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেনি বা সমমান গ্রহণযোগ্য নয়।<br>(ঘ) সংশিশ্চষ্ট কাজে নূন্যতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | অ্যাকাউন্টস অ্যাসিষ্ট্যান্ট (হিসাব সহকারী) (গ্রেড-১৬) সর্বসাকূল্যে-১৭,৩৪৫/- | অনুর্ধ্ব ৩০ বৎসর। পারামণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ সংস্থার সাথে কাজের সংশিশ্চষ্ট প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সিথিলযোগ্য। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে নূন্যতম ২য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ (Grade Point Average) /সিজিপিএসহ (Cumulative Grade Point Averrage) স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য নয়। |
| ৩. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) সর্বসাকূল্যে-১৭,৩৪৫/- | অনুর্ধ্ব ৩০ বৎসর। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে নূন্যতম স্নাতক বা সমমানের ডিগ্রি<br>(খ) Standard Aptitude Test for Computer Operator -এ উত্তীর্ণ হইতে হবে।<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য নয়। |

**বাস্তবায়নে:**

১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

১৯। গত জুন ২০১৮ তারিখে বাংলাদেশ Regulatiry Cooperation Forum (RCF) এ Recipint Country হিসেবে সদস্য হয়েছে। এই আলোকে RCF এর চেয়ারম্যান এর নেতৃত্বে ০৪ (চার) সদস্যের উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আগামী ৩-৪ এপ্রিল ২০১৯ বাপশনিক ও RCF এর মধ্যে যৌথ সভায় অংশ গ্রহণ করার জন্য ঢাকায় আসবেন এবং রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট প্রকল্প সাইট পরিদর্শন করবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:**
পরিচালক, পানিসু বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২০। IAEA এর TC প্রজেক্ট এর আওতায় আগামী ২৫-২৮ ফেব্রুয়ারী ২০১৯ এ IAEA -BAERA এর যৌথ উদ্যেগে একটি ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:**
পরিচালক, পানিসু বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২১। আগামী নভেম্বর ২০১৯ মাসে IRRS এর মূল মিশন আসার পূর্ব প্রস্তুতি হিসেবে Preparatory Meeting এ অংশগ্রহণ করার জন্য IAEA এবং IRRS এর উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল আগামী মার্চ ২০১৯ মাসে বাপশনিক এর সাথে যৌথ সভায় অংশ গ্রহণের জন্য ঢাকায় আসবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:**
পরিচালক, পানিসু বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

২২। কর্তৃপক্ষে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিতদের মজুরী অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী বর্ধিত করণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:**
১। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

(প্রফেসর ডঃ নঈম চৌধুরী)
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

তারিখ : ১৭/১২/২০১৮

নং-৩৯.০৭.০০০০.০০১.০৬.১২০.১৫-

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১। অধ্যাপক ডাঃ সাহানা আফরোজ, সদস্য, বিকিরণ নিয়ন্ত্রণ ও প্রশিক্ষণ নিবন্ধীকরণ (বিনি ও প্রনি), বাপশনিক, ঢাকা।
২। প্রকৌঃ মোঃ শওকত আলী, সদস্য, বিদ্যুৎ ও শিল্প নিরাপত্তা (বিশিনি), বাপশনিক, ঢাকা।
৩। প্রকৌ. কাজী ওবায়দুল আউয়াল, সদস্য, পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা (পানিসু), বাপশনিক, ঢাকা।
৪। প্রকৌ. মো: মোজাম্মেল হক, সদস্য, পুরকৌশল ও ভৌত অবকাঠামো নিরাপত্তা (পুভৌঅনি), বাপশনিক, ঢাকা।
৫। মুহাম্মদ নূর আলম, সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
৭। একেএম রওশন কবীর জোয়ারদার, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ, বাপশনিক।
৮। মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা. বাপশনিক, ঢাকা।
৯। ফোকাল পয়েন্ট, আইসিটি, বাপশনিক, ঢাকা।
১০। আহসানুল হক, উর্ধ্বতন প্রকৌশলী, বাপশনিক, ঢাকা।
১১। গার্ড ফাইল।

(মো: আফছার উদ্দিন)
উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা

সদয় জ্ঞাতার্থ:
১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্তি-৩

# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৯১২৪৮৪৬
ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

৩৯.০৭.০০০০.০০১.০৬.১২০.১৩-

তারিখ : ০৩/১২/২০১৮
সকাল : ১১.৩০ ঘটিকা

**বিষয় : বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২৭ তম সভায় উপস্থিত প্রসঙ্গে।**

## হাজিরা সীট

| ক্রমিক নং | নাম | পদবী | টেলিফোন/মোবাইল ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | প্রফেসর ডা. সাহানা আফরোজ | সদস্য<br>বাপশনিক | ৮১৮১০১৩<br>০১৭১১৮১০২৪২ | [signature] 3/12/2018 |
| ২। | প্রকৌ. মো: শওকত আলী | সদস্য<br>বাপশনিক | ৮১৮১৬০৬<br>০১৮২৩৮৮৩৮৯০ | |
| ৩। | প্রকৌ. কাজী ওবায়দুল আউয়াল | সদস্য<br>বাপশনিক | ৮১৮১১৫৭<br>০১৭১৬৮০১০১৮ | [signature] ৩/১২/১৮ |
| ৪। | প্রকৌ. মো: মোজাম্মেল হক | সদস্য<br>বাপশনিক | ৮১৮১৬৯৬<br>০১৮১৯২৪৭৫৭৭ | [signature] ০৩/১২/১৮ |
| ৫। | মুহাম্মদ নূর আলম | সচিব<br>বাপশনিক | ০১৭১১০১৭৭০২ | [signature] ০৩/১২/২০১৮ |
| ৬। | বেগম রাজিয়া পারভীন | পরিচালক<br>প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ | ৮১৮১২৭৪<br>০১৯১১১২৪২৫৬ | [signature] 03/12/2018 |
| ৭। | ড. সত্যজিৎ ঘোষ | পরিচালক, নিউক্লিয়ার সেফটি এন্ড সিকউরিটি বিভাগ, বাপশনিক, ঢাকা। | ০১৭১৮৫০১২৩৫ | [signature] ৩/১২/১৮ |

| ক্রমিক নং | নাম | পদবী | টেলিফোন/মোবাইল ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৮। | রাশিদ আহম্মদ আমিরী | পরিচালক<br>পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ<br>বাপশনিক, ঢাকা। | ৮১৮১০১২<br>০১৮১৯৪৮৪৭৫২ | 03.12.18 |
| ৯। | ড. মেহেরুন নাহার | পরিচালক, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ, বাপশনিক, ঢাকা। | ৮১৮১০০৩<br>০১৭১৭০০০৩৭৭ | 03.12.18 |
| ১০। | ড. জাহানারা বেগম | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>পানিসু বিভাগ<br>বাপশনিক, ঢাকা। | ৮১৮১৩৮২<br>০১৭১৫৪০০০৬৬ | |
| ১১। | মো: মোস্তাফিজুর রহমান | দায়িত্বপ্রাপ্ত পরিচালক<br>বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ<br>বাপশনিক, ঢাকা। | ৮১৮১৩১৯<br>০১৭১৮৭৯৪৬৮২ | |
| ১২। | ড. দেবাশিস দত্ত | প্রধান প্রকৌশলী<br>পানিসু বিভাগ<br>বাপশনিক, ঢাকা। | ৮১৮১৩২৫<br>০১৭১২১৫৩০২১ | 03.12.18 |
| ১৩। | একেএম রওশন কবীর জোয়ারদার | প্রধান বৈজ্ঞানিক ককর্মকর্তা<br>বাপশনিক<br>ও<br>ফোকাল পয়েন্ট এপিএ | ০১৭১১৭০৩৩৫৫ | |
| ১৪। | মো: শফিকুল ইসলাম | মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা<br>বাপশনিক | ৮১৮১৪৬৪<br>০১৭২৭২৫৮৮৭১ | 03/12/18 |
| ১৫। | আহসানুল হক | উর্ধ্বতন প্রকৌশলী<br>বাপশনিক | ০১৭১৬২৭৩১৮৬ | 3/12/18 |
| ১৬। | মো: আমজাদ হোসেন | উর্ধ্বতন বৈজ্ঞানিক ককর্মকর্তা<br>ও<br>ফোকাল পয়েন্ট আইসিটি | ০১৭২৫০৮৫১৬৫ | 03.12.18 |
| ১৭। | মো: আফছার উদ্দিন | উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা<br>বাপশনিক, ঢাকা। | ৮১৮১০৪০<br>০১৯২১৬৯৯৪৭৩ | |